সমকাল

তারিখ ... 10 AUG 2015 ...
পৃষ্ঠা ... ২০ ... কলাম ... ৪ ...

# ক্যাডেট কলেজগুলোতে সাফল্যের ধারাবাহিকতা

■ সমকাল ডেস্ক

দেশের বিভিন্ন স্থানে ক্যাডেট কলেজগুলো শতভাগ পাসের সফলতা বজায় রেখেছে. কোনো কোনো প্রতিষ্ঠান ঈর্ষণীয় ফল করেছে। প্রতিনিধিদের পাঠানো খবর :

**চট্টগ্রাম :** ৪২ শিক্ষার্থীর মধ্যে ৪১ জনের জিপিএ ৫ অর্জন এবং শতভাগ পাসের ধারা অব্যাহত রেখেছে ফৌজদারহাট ক্যাডেট কলেজ। পাঁচটি মানদণ্ডের ভিত্তিতে এবার সেরা ২০ কলেজ বাছাই করা না হলেও ফলের দিক থেকে যথারীতি ভালো করেছে কলেজটি। ২০০৯ সাল থেকে ২০১৪ সাল পর্যন্ত টানা ছয়বার চট্টগ্রাম শিক্ষা বোর্ডে শীর্ষস্থান দখল করেছিল ফৌজদারহাট ক্যাডেট কলেজ।

**বরিশাল :** বরিশাল ক্যাডেট কলেজ সাফল্যের ধারা অব্যাহত রেখেছে। এ কলেজ থেকে ৫৩ পরীক্ষার্থী অংশ নিয়ে সবাই জিপিএ ৫ পেয়ে উত্তীর্ণ হয়েছেন। কলেজ অধ্যক্ষ মো. সরোয়ার হোসেন সাংবাদিকদের জানান, বরিশাল শিক্ষা বোর্ডের অধীন এইচএসসি পরীক্ষায় বরিশাল ক্যাডেট কলেজ প্রতিবছরই শীর্ষস্থান অর্জন করে।

**কুমিল্লা :** কুমিল্লা ক্যাডেট কলেজের সব পরীক্ষার্থী জিপিএ ৫ পেয়েছে। সে সঙ্গে শতভাগ পাস করেছেন এ কলেজের শিক্ষার্থীরা। কুমিল্লা শিক্ষা বোর্ডের শতভাগ পাস করা ছয়টি শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে কুমিল্লা ক্যাডেট শীর্ষে রয়েছে।

**রংপুর :** রংপুর ক্যাডেট কলেজ থেকে এবারও শতভাগ জিপিএ ৫ পেয়েছেন। কলেজটি থেকে এবার ৪৯ জন পরীক্ষা দিয়ে জিপিএ ৫ পেয়েছেন ৪৯ জন। সবাই বিজ্ঞান বিভাগের।

**মির্জাপুর (টাঙ্গাইল) :** চলতি এইচএসসি পরীক্ষায় বরাবরের মতো টাঙ্গাইলের মির্জাপুর ক্যাডেট কলেজ সাফল্যের ধারাবাহিকতা অব্যাহত রেখেছে। কলেজ থেকে মোট ৪৮ জন পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করেন। এর মধ্যে একজন ছাত্র অসুস্থতার কারণে মাঝপথে পরীক্ষা দেওয়া বন্ধ করে দেন। ওই পরীক্ষার্থী বাদে অন্য ৪৭ জনের সবাই জিপিএ ৫ পেয়েছেন। জিপিএ ৫প্রাপ্ত কৃতি ছাত্ররা হলেন– রেজবী, রাফায়েল, আবদুল্লাহ, মাহাদী, নিরুপম অর্ণব, মোশারফ, শাকিউল, রাকিবুল, রাফি, জাহিদ, মেহেদী হাসান শিপলু, সাগর, আকাশ, তারিক, ফজলে রাব্বি, অভিষেক, তাসমিম, মারুফ, মোহায়মিনুল, রাজু, রাব্বি, নাফিজ, রনি, সিয়াম, সায়েম, ওসামা, আবিদ, তাজুয়ার, শুভ, শামীম, শারাপ জোয়াহের, সাদমান, জহিরুল, রুবায়েত, মারুপ আশরাফ, নয়ন, মোবিন, তানজিম, মাহাদি হাসান, শান্ত, সরোয়ারদী, শফিকুর, তৌহিদ, সীমান্ত, শামি ও সৌমিত।

এ ব্যাপারে মির্জাপুর ক্যাডেট কলেজের অধ্যক্ষ উইং কমান্ডার অ ন ম আবদুল হান্নানের সঙ্গে কথা হলে তিনি বলেন, ছাত্র-শিক্ষকদের অক্লান্ত প্রচেষ্টায় এই ফল অর্জন করা সম্ভব হয়েছে।

**জয়পুরহাট :** জয়পুরহাট গার্লস ক্যাডেট কলেজে ৫৪ জনই জিপিএ ৫ পেয়েছে। পাসের হার শতভাগ। অপরদিকে জয়পুরহাট সরকারি ডিগ্রি কলেজে ১১৬৪ পরীক্ষার্থীর মধ্যে ৯৯২ জন পাস করেছে। জিপিএ ৫ পেয়েছেন ১১৯ জন। বিজ্ঞান বিভাগে ১০৫, বাণিজ্য বিভাগে ১১ এবং মানবিক বিভাগে ৩ জন জিপিএ ৫ পেয়েছেন। সরকারি মহিলা ডিগ্রি কলেজ থেকে ৪৭৬ পরীক্ষার্থীর মধ্যে ৪২৯ জন পাস করেছেন। তাদের মধ্যে জিপিএ ৫ পেয়েছেন মানবিক বিভাগে ২০ জন এবং বিজ্ঞান বিভাগে ২ জন।

**ঝিনাইদহ :** চলতি বছর অনুষ্ঠিত এইচএসসি পরীক্ষায় ঝিনাইদহ ক্যাডেট কলেজের শিক্ষার্থীরা শতভাগ পাসের সফলতা বজায় রেখেছেন। ঝিনাইদহ ক্যাডেট কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ মো. আতিকুর রহমান জানান, এ বছর কলেজ থেকে ৫৬ জন পরীক্ষার্থী অংশ নেয়। এর মধ্যে সবাই কৃতকার্য হয়েছে। এ ছাড়া পরীক্ষায় অংশ নেওয়া শিক্ষার্থীদের মধ্যে বিজ্ঞান বিভাগ থেকে ৫২ জন অংশ নিয়ে ৫১ জন ও মানবিক বিভাগ থেকে ৪ জনের মধ্যে ৩ জনসহ ৫৪ জন জিপিএ ৫ পেয়েছে।

**সিলেট :** সিলেট ক্যাডেট কলেজের বিজ্ঞান বিভাগ থেকে ৫১ পরীক্ষার্থীর সবাই জিপিএ ৫ পেয়েছেন।

**পাবনা :** পাবনা ক্যাডেট কলেজ বরাবরের মতো এবারও ভালো ফল করেছে। ক্যাডেট কলেজ থেকে ৫৪ ক্যাডেট পরীক্ষায় অংশগ্রহণ করে সবাই জিপিএ ৫ পেয়েছেন।

**ময়মনসিংহ :** ময়মনসিংহ গার্লস ক্যাডেট কলেজে এবার এইচএসসি পরীক্ষায় জিপিএ ৫ কমেছে। এ প্রতিষ্ঠান থেকে ৪৮ শিক্ষার্থীর সবাই পাস করেছেন। তবে জিপিএ ৫ পেয়েছেন ৪২ জন। ফলাফলে এবার সেরা তালিকা না থাকলেও ঢাকা বোর্ডে এ প্রতিষ্ঠানটির অবস্থান ক্রমেই পিছিয়ে পড়ছে। ময়মনসিংহ গার্লস ক্যাডেট কলেজ ২০১০ সালে ঢাকা বোর্ডে প্রথম, ২০১১ সালে দ্বিতীয় স্থান, ২০১২ সালে তৃতীয় স্থান, ২০১৩ সালে পঞ্চম স্থান এবং ২০১৪ সালে তাদের অবস্থান ছিল ১৭তম। এবার জিপিএ ৫-এর হারও কমেছে।

**রাজশাহী :** রাজশাহী ক্যাডেট কলেজের শিক্ষার্থীরা এবারও ভালো ফল করেছেন। ইংরেজি মাধ্যমে পরিচালিত রাজশাহী ক্যাডেট কলেজ থেকে এবার ৪৭ পরীক্ষার্থী এইচএসসি পরীক্ষায় অংশ নিয়ে শতভাগ জিপিএ ৫ পেয়ে পাস করেছেন।

**ফেনী :** ফেনী গার্লস ক্যাডেট কলেজ জেলায় প্রথম হয়েছে। ৫১ জন ক্যাডেট অংশগ্রহণ করে ৫০ জন জিপিএ ৫সহ শতভাগ পাস করেছেন। এবার কুমিল্লা বোর্ডের শতভাগ পাস করা ৬ প্রতিষ্ঠানের মধ্যে অন্যতম এটি।